

বেতাগী পৌরসভা কার্যালয়

জেলাঃ বরগুনা।

স্মারক নং-বেতা/পৌর/সাধারণ/নিয়োগ/২০২২/৫২৭

তারিখঃ ২৭/০৯/২০২২ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৫.২২-১১৭৫ তারিখঃ ০৫ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ এর ছাড়পত্রের আদেশ মোতাবেক পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯২ অনুযায়ী বেতাগী পৌরসভার অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক (পুরুষ) প্রার্থীদের নিকট হতে বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল, ২০১৫)	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	ট্রাক ও ট্রাক্টর চালক	১ (এক)টি	৯৭০০-২৩৪৯০ টাকা	১৮-৩০ বছর	স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী পাশসহ যানবাহন চালানোর বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

- আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে পূর্ণ নাম স্বাক্ষরসহ স্পষ্টাক্ষরে বাংলায় (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) অভিজ্ঞতা (ঞ) ধর্ম (ট) বৈবাহিক অবস্থা উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। যোগাযোগের জন্য আবেদনপত্রে আবেদনকারী স্বাক্ষরের নীচে ফোন বা মোবাইল নম্বর লিখতে হবে।
- আবেদনপত্র অবশ্যই কম্পিউটার কম্পোজ হতে হবে। আগামী ২৭/১০/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে মেয়র, বেতাগী পৌরসভা, উপজেলাঃ বেতাগী, জেলাঃ বরগুনা বরাবরে ডাকযোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে অথবা সরাসরি পৌছাতে হবে।
- মেয়র, বেতাগী পৌরসভা, উপজেলাঃ বেতাগী, জেলাঃ বরগুনা এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযোজন করতে হবে।
- প্রার্থীর বয়স ২৭/১০/২০২২ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের এর অধিক হবে না। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য।
- আবেদনকারীকে দরখাস্তের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে।
(ক) শিক্ষাগত যোগ্যতার ও যানবাহন চালানোর বৈধ লাইসেন্স ছায়াছবি। (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রসিদ ছবি। (গ) চারিত্রিক সনদপত্র। (ঘ) জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদপত্র (ঙ) সিটি কর্পোরেশন মেয়র/কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের মূল কপি। (চ) প্রকৃত মুক্তিযোদ্ধার সন্তান হিসাবে পরিচিতির জন্য সরকারের সর্বশেষ নির্দেশ অনুসারে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের মাননীয় মন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত মুক্তিযোদ্ধা সনদপত্র।
- আবেদনপত্র প্রেরণ কালে খামের বাম দিকে উপরের অংশে পদের নাম ও প্রার্থীর জেলার নাম স্পষ্টভাবে লিখতে হবে।
- ক্রটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- সঠিক ঠিকানায় ইন্টারভিউ কার্ড প্রেরণ নিশ্চিত করার স্বার্থে প্রার্থী কর্তৃক তার বর্তমান ঠিকানা সম্বলিত ৯'x৪' মাপের অতিরিক্ত একটি খাম ৫ (পাঁচ) টাকা মানের পোস্টাল স্ট্যাম্পযুক্ত আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।
- কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যাবলী সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে কিংবা কোন তদবিরের আশ্রয় নিলে তা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীগণকে লিখিত, মৌখিক ও ড্রাইভিং পরীক্ষার অংশ গ্রহণের জন্য ইন্টারভিউকার্ড ইস্যু করা হবে এবং নিয়োগ কমিটি কর্তৃক চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীদের নিয়োগপত্র প্রদান করা হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে মূল সনদপত্র অবশ্যই উপস্থাপন করতে হবে।
- প্রার্থীকে লিখিত, মৌখিক ও ড্রাইভিং পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ যে কোন পর্যায় নিয়োগ প্রক্রিয়া বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(এবিএম গোলাম কবির)

মেয়র

বেতাগী পৌরসভা, বরগুনা।